

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৯২০

তারিখঃ ০৯/০৭/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৮৫ তম কমিশন সভা অদ্য ০৯/০৭/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় জনাব মোঃ আনোয়ারুল কবির ভূইয়া, নির্বাহী পরিচালক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন এর উপর আলোচনা করা হয়। জনাব মোঃ আনোয়ারুল কবির ভূইয়া, নির্বাহী পরিচালক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন বিবেচনা করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন চাকুরী প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী গুরুদন্ত আরোপ হিসাবে ৬(ছয়)টি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) কর্তন করে তাঁকে অবসরে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা অবিলম্বে কার্যকর হবে।
২. Ananta Properties Limited (Unlisted) -কে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গের কারণে Section 22 অনুযায়ী ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, Ananta Properties Limited মূলধন উত্তোলনের (capital raising) জন্য কমিশনে দাখিলকৃত ৩০ জুন ২০১২ সমাপ্ত বছরের নীরক্ষিত আর্থিক হিসাবে সম্পত্তি পুনঃমূল্যায়ন (revaluation) এর ক্ষেত্রে জমি এবং ভবন এর প্রতি বর্গফুট এর মূল্য প্রাক্কলিক মূল্যায়নে (Estimated Value) একত্রে উল্লেখ করেছে, যা সঠিক নয়। প্রকৃতপক্ষে প্রাক্কলিত মূল্যায়নে শুধুমাত্র সম্পত্তি পুনঃমূল্যায়নের বিষয়টি উল্লেখ থাকা সঠিক ছিল।
৩. Ananta Properties Limited এর নীরক্ষা প্রতিবেদনে qualified opinion হিসেবে ২য় অনুচ্ছেদে বর্ণিত জমি ও ভবনের প্রাক্কলিত মূল্যের বিষয়টি উল্লেখ করতে ব্যর্থ হওয়ায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গের কারণে Section 22 অনুযায়ী ACNABIN Chartered Accountants -কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্তও কমিশন গ্রহণ করেছে।
৪. Wata Chemicals Limited যেহেতু নিয়মিত AGM, বিনিয়োগকারীদের লভ্যাংশ প্রদান ইত্যাদি বিষয় পরিপালন করেছে সেহেতু ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ Wata Chemicals Limited এর re-listing এর বিষয়টি তাঁদের বিদ্যমান প্রবিধানমালা অনুযায়ী বিবেচনা করতে পারে। এ বিষয়ে কমিশনের অনাপত্তি ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ -কে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. Alliance S & P Shariah Index Fund নামক একটি বেমেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ড এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। এই মিউচুয়াল ফান্ডের আকার হচ্ছে ১০ কোটি টাকা যা ১ কোটি ইউনিটে বিভক্ত। এই মিউচুয়াল ফান্ডের অভিহিত মূল্য ১০ টাকা, উদ্যোক্তার চাঁদার অংশ হচ্ছে ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য ৯ কোটি টাকার ইউনিট বরাদ্দ রাখা হয়েছে। মিউচুয়াল ফান্ডটির স্পন্সর ও সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হচ্ছে এ্যালায়েন্স ক্যাপিটাল এসেট ম্যানেজমেন্ট লিঃ এবং কাস্টডিয়ান হিসেবে আছে ব্রাক ব্যাংক লিঃ। উল্লেখ্য উল্লেখিত বেমেয়াদী মিউচুয়াল ফান্ডটি কাগজে ইউনিটের মাধ্যমে লেনদেন হবে।
৬. কমিশন আজকের সভায় Peninsula Asset Management Company Limited এর আবেদনের প্রেক্ষিতে এসেট ম্যানেজমেন্ট কোম্পানী হিসাবে প্রাথমিকভাবে Letter of Intent ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৭. ইতোপূর্বে মেয়াদী ফান্ড (Close-end) হিসেবে অনুমোদিত Rupali Life Insurance First Mutual Fund কে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে বেমেয়াদী (Open-end) ফান্ড হিসেবে রূপান্তর (Conversion) এর জন্য কমিশন নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার ৫০ কোটি টাকা যার মধ্যে উদ্যোক্তার অংশ ২০ কোটি টাকা। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হচ্ছে Prime Finance Asset Management Co. Ltd.।


০৯/০৭/২০১৩

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র